



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয় উত্তরাঞ্চল, রাজশাহী-৬২০৩।  
কর্মী শাখা  
pmgraj.bdpost.gov.bd



নম্বর: ১৪.৩১.৫০০০.০২৪.১২.০০৩.২২.২৪

তারিখ: ২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: পোস্টমাস্টার (এইচএসজি)/ ডেপুটি পোস্টমাস্টার (এইচএসজি) পদে পদোন্নতির জন্য বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে পোস্টমাস্টার (এইচএসজি)/ ডেপুটি পোস্টমাস্টার (এইচএসজি) পদে পদোন্নতির জন্য বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ মোতাবেক উত্তরাঞ্চল, রাজশাহী'র যোগ্য কর্মচারীগণের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীর যোগ্যতার বিবরণ নিম্নরূপ:

ক্রঃ নং	পদের নাম	পদোন্নতির যোগ্যতা
০১	পোস্টমাস্টার (এইচএসজি)/ ডেপুটি পোস্টমাস্টার (এইচএসজি)	(ক) এসিসট্যান্ট পোস্টমাস্টার (এলএসজি)/ সাব-পোস্টমাস্টার/সুপারভাইজার (এলএসজি) পোস্ট অফিসেস পদ হইতে; (খ) উপজেলা পোস্টমাস্টার পদ হইতে; এবং (গ) দফা (ক) এবং (খ) এ বর্ণিত সকল পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর ৯৯ নং ক্রমিকের বিধি অনুযায়ী।

কর্মচারীগণকে নির্ধারিত ফরমে (কপি সংযুক্ত) আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ

১। ০৩ (তিন)কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি।

২। আবেদনকারীর সার্ভিস বহি।

৩। ২০১৯, ২০২০, ২০২১, ২০২২, ২০২৩ সালের গোপনীয় প্রতিবেদন। (গোপনীয় প্রতিবেদন অবশ্যই পৃথক পঞ্জিকা বর্ষের হবে, একই প্রতিবেদনে দুই বা ততোধিক পঞ্জিকা বর্ষের তারিখ গ্রহণযোগ্য হবে না)

৪। ২০২৩ সালের বিশেষ প্রতিবেদন।

৫। পুলিশী প্রতিবেদনের সত্যায়িত ছায়াকপি।

৬। চাকুরী স্থায়ীকরণের আদেশের সত্যায়িত ছায়াকপি।

কর্মচারীগণের আবেদন গ্রহণ পূর্বক ছক-৪ (কপি সংযুক্ত) ইউনিট কর্মকর্তা কর্তৃক পূরণ করত: যথাযথ মন্তব্যসহ খামে পদের নাম উল্লেখপূর্বক আগামী ৩১/০১/২০২৪ খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। যে সকল কর্মচারী পদোন্নতি গ্রহণে আগ্রহী নয় সে সকল কর্মচারীর লিখিত আবেদন গ্রহণ করতে হবে।

সংযুক্তঃ বর্ণনামতে।

১৬-০১-২০২৪

মোঃ রাকিব বিশ্বাস

এপিএমজি (ক: ও স:)

০২৫৮৮৮০২১০৩

apmgsneraj@bdpost.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র পোস্টমাস্টার, রাজশাহী জিপিও, রাজশাহী;
- ২। ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, রংপুর/বগুড়া/পাবনা/রাজশাহী/ দিনাজপুর বিভাগ;
- ৩। পোস্টমাস্টার (১ম শ্রেণি), রংপুর/সিরাজগঞ্জ/বগুড়া/পাবনা/ দিনাজপুর প্রধান ডাকঘর;
- ৪। অধ্যক্ষ, ডাক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
- ৫। আইসিটি সেল, উত্তরাঞ্চল, রাজশাহী, সার্কেলের ওয়েবসাইটে প্রকাশের জন্য;

৬। পিএ-টু-পিএমজি, উত্তরাঞ্চল, রাজশাহী, এটি পিএমজি মহোদয়ের সদয় অবগতির জন্য এবং  
৭। অফিস কপি/অতিরিক্ত কপি।

